Student

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখঃ ১৮.১০.২০২৩ খ্রিঃ

# মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা-২০২১ এর ফরম পূরণ বিজ্ঞপ্তি

২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ১০/১০/২৩ হতে ০৯/১১/২৩ তারিখের মধ্যে অনলাইনে আবেদনকৃত ফরম ডাউনলোড করে কলেজে জমাদান কার্যক্রম সংযুক্ত সময়সূচি ও নিয়ম অনুসারে অনুষ্ঠিত হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা বিষয়ক ওয়েবসাইটঃ http://ems.nu.ac.bd**

## পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত ও ২০২১ সালের প্রাইভেট শিক্ষার্থীগণ **নিয়মিত পরীক্ষার্থী** হিসেবে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৯ ও ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২১ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৯ ও ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২১ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সেসব শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থীরা ২০২১ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর সুযোগ পাবে না।

ঙ) ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA-2.50 এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০২১ সালের পরীক্ষায় শুধুমাত্র ২০১৮-১৯ এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের যেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে **(সর্বোচ্চ ০২ (দুই)**টি পত্রে) মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **উল্লেখ্য, এসব শিক্ষার্থীর ইনকোর্স / ব্যবহারিক, টার্মপেপার ও মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।**

চ) **২০১৭-১৮** শিক্ষাবর্ষে অকৃতকার্য (F) / অনুপস্থিত (NA) পরীক্ষার্থীগণ ৫০০০/= (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি জমা দিয়ে ফরম পূরণ করতে পারবে।

ছ) **২০১৭-১৮** শিক্ষাবর্ষের যেসকল পরীক্ষার্থী ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২১ সালের পরীক্ষায় শুধুমাত্র ০১(এক) বার ৬০০০/= (ছয় হাজার) টাকা এবং নম্বরপত্র এবং সাময়িক সনদ ফি বাবদ ৬০০/= (ছয় শত) টাকা সর্বমোট ৬৬০০/- (ছয় হাজার ছয়শত) টাকা ফি প্রদান করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

- **'চ'** ও **'ছ'** এর ক্ষেত্রে উক্ত পরীক্ষার্থীগণ ২০২১ সালে পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে বা অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তীতে কোন অবস্থাতেই পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে না।
- পাঠ্যসূচিঃ ICT সহ এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এমমিউজ শেষপর্ব পরীক্ষার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

## অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

১. আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের EMS সফটওয়্যারের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) -এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে। ফরমটিতে বিষয় কোড ও ফি উল্লেখ থাকবে।

২. উক্ত প্রিন্টকৃত কপি নিয়ে অনলাইন ফরমে উল্লেখিত টাকা ও কলেজের অন্যান্য প্রদেয় ফি **"সোনালী-ই-সেবা"** এর মাধ্যমে জমা দিয়ে স্লিপ সংগ্রহ করতে হবে এবং স্লিপের একটি কপিতে **নিজের সচল মোবাইল নম্বর** লিখে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৩. আবদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি সংযোজন করে দিতে হবে।

৪. অনলাইনে ফরম পূরণের সময় যেসব বিষয়ে একাধিক বিকল্প কোর্স রয়েছে সেক্ষেত্রে সঠিক কোর্স নির্বাচন করতে হবে। ভুল কোর্স নির্বাচন করলে তা আর সংশোধনের সুযোগ থাকবে না।

৫. যাদের রেজি:কার্ডে ICT কোড রয়েছে তাদেরকে অবশ্যই ফরম পূরণের সময় ICT কোড উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট বিভাগ রেজিস্ট্রেশন কার্ড দেখে বিষয়টি নিশ্চিত করবেন।

**বি:দ্র: নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থী উভয়ের বেলায় একই নিয়ম প্রযোজ্য। নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীরা প্রত্যেকেই সংশ্লিষ্ট বিভাগে গিয়ে ফরম জমা দিবে। তবে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রাইভেট পরীক্ষার্থীদের জমাকৃত ফরম আলাদা সংরক্ষণ করতে হবে।**

## সোনালী-ই-সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার নিয়ম ও তারিখ:

শিক্ষার্থীরা https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Form fill-Up Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফরম পূরণ ফি পরিশোধ করবে। ফরম ফিলাপ ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থী সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত/মনোন্নয়ন/ প্রাইভেট সকল পরীক্ষার্থীকে অবশ্যই "সোনালী ই-সেবা (Sonali eSheba)" এর মাধ্যমে টাকা জমা দিতে হবে। **ফি জমাদানের সময়সীমা: ০২/১১/২৩ থেকে ০৯/১১/২৩ দুপুর ১২টা পর্যন্ত।**

### আবেদন ফরম পূরণ করে প্রিন্ট কপি কলেজে জমাদানের সময়সূচি:

| মাস্টার্স বিষয় | নিজ নিজ বিভাগে ফরম জমাদানের তারিখ ও সময় |
|---|---|
| সকল বিষয় (নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থী) | **০২/১১/২০২৩** থেকে **০৯/১১/২০২৩** তারিখ পর্যন্ত **(শুক্র, শনি ও সরকারি ছুটির দিন ব্যতীত)** **স্থান:** নিজ নিজ বিভাগ **সময়:** সকাল ১০.০০ টা হতে দুপুর ১.৩০টা |
| সকল বিষয় (প্রাইভেট পরীক্ষার্থী) | |

২৮/১০/২০২৩

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

স্মারক নং-৫-ঝ/এমসিক/মাফা/পরী/২০২৩/

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. বিভাগীয় প্রধান....................(সকল) বিভাগ মুরারিচাঁদ কলেজ, সিলেট।
২. আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা কমিটি-২০২১ মুরারিচাঁদ কলেজ, সিলেট।
৩. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ
সিলেট

তারিখ: ১৮.১০.২০২৩

## মাস্টার্স শেষপর্ব পরীক্ষা-২০২১-এর ফি এর হার (নিয়মিত, প্রাইভেট ও অন্যান্য)

| বিষয় | পরীক্ষার ফি (জাবি: নির্ধারিত) | কেন্দ্র ফি | টার্ম পেপার ফি | ব্যবহারিক কেন্দ্র ফি | ব্যবস্থাপনা ফি | মৌখিক কেন্দ্র ফি | ইনকোর্স পরীক্ষার ফি | মোট ফি কলেজ অংশ | সর্বমোট ফি (কলেজ+ বিশ্ববিদ্যালয়) | আইসিটি ফি (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| এমএ/এমএসএস (২০২০-২১ এর নিয়মিত পরীক্ষার্থী) | ২৮০০/- | ৪৫০/- | ১৫০/- | -- | ৫০/- | ৭৫/- | -- | ৭২৫/- | ৩৫২৫/- | আইসিটি ফি থাকলে মোট ফি এর সাথে আরও ৭০০/- টাকা যোগ হবে। |
| এমএ / এমএসএস অনিয়মিত (১৮-১৯, ১৯-২০ শিক্ষাবর্ষ) সকল পত্র **যারা আগে পরীক্ষা দিয়ে F গ্রেড পেয়েছে।** | ২২০০/- | ৪৫০/- | ১৫০/- | -- | ৫০/- | ৭৫/- | -- | ৭২৫/- | ২৯২৫/- | |
| এমএ / এমএসএস অনিয়মিত (১৮-১৯, ১৯-২০ শিক্ষাবর্ষ) সকল পত্র। **যারা ২০১৯ ও ২০২০ সালে ফরম পূরণ করেনি।** | ২৮০০/- | ৪৫০/- | ১৫০/- | -- | ৫০/- | ৭৫/- | ২০০/- | ৯২৫/- | ৩৭২৫/- | |
| এমএ/এমএসএস প্রাইভেট ২০২০-২১ (সকল পত্র) | ২৭০০/- | ৪৫০/- | -- | -- | ৫০/- | ৭৫/- | -- | ৫৭৫/- | ৩২৭৫/- | |
| নিয়মিত ২০২০-২১ পদার্থবিদা,রসায়ন,প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা,পরিসংখ্যান, গণিত | ২৯৫০/- | ৪৫০/- | -- | ২৭০/- | ৫০/- | ৭৫/- | -- | ৮৪৫/- | ৩৭৯৫/- | |
| অনিয়মিত সকল পত্র (১৮-১৯, ১৯-২০ শিক্ষাবর্ষ) পদার্থবিদা,রসায়ন,প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা,পরিসংখ্যান, গণিত **যারা আগে পরীক্ষা দিয়ে F গ্রেড পেয়েছে।** | ২৩৫০/- | ৪৫০/- | -- | ২৭০/- | ৫০/- | ৭৫/- | -- | ৮৪৫/- | ৩১৯৫/- | |
| অনিয়মিত সকল পত্র (১৮-১৯, ১৯-২০ শিক্ষাবর্ষ) পদার্থবিদা,রসায়ন,প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা,পরিসংখ্যান, গণিত **যারা ২০১৯ ও ২০২০ সালে ফরম পূরণ করেনি।** | ২৯৫০/- | ৪৫০/- | -- | ২৭০/- | ৫০/- | ৭৫/- | ২০০/- | ১০৪৫/- | ৩৯৯৫/- | |
| নিয়মিত ২০২০-২১ মনোবিজ্ঞান | ২৯৫০/- | ৪৫০/- | ১৫০/- | ২৭০/- | ৫০/- | ৭৫/- | -- | ৯৯৫/- | ৩৯৪৫/- | |
| অনিয়মিত (১৮-১৯, ১৯-২০ শিক্ষাবর্ষ) মনোবিজ্ঞান **যারা আগে পরীক্ষা দিয়ে F গ্রেড পেয়েছে।** | ২৩৫০/- | ৪৫০/- | ১৫০/- | ২৭০/- | ৫০/- | ৭৫/- | -- | ৯৯৫/- | ৩৩৪৫/- | |
| অনিয়মিত (১৮-১৯, ১৯-২০ শিক্ষাবর্ষ) মনোবিজ্ঞান **যারা ২০১৯ ও ২০২০ সালে ফরম পূরণ করেনি।** | ২৯৫০/- | ৪৫০/- | ১৫০/- | ২৭০/- | ৫০/- | ৭৫/- | ২০০/- | ১১৯৫/- | ৪১৪৫/- | |
| - ২০১৭-১৮ শিক্ষাবর্ষে অকৃতকার্য (F) / অনুপস্থিত (NA) পরীক্ষার্থীগণ ৫০০০/= (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি জমা দিয়ে ফরম পূরণ করতে পারবে। | | | | | | | | ৯৯৫/- | ৫৯৯৫/- | |
| - ২০১৭-১৮ শিক্ষাবর্ষের যেসকল পরীক্ষার্থী ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২১ সালের পরীক্ষায় শুধুমাত্র ০১(এক) বার ৬০০০/= (ছয় হাজার) টাকা এবং নম্বরপত্র এবং সাময়িক সনদ ফি বাবদ ৬০০/= (ছয় শত) টাকা সর্বমোট ৬৬০০/- (ছয় হাজার ছয়শত) টাকা ফি প্রদান করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। | | | | | | | | ১১৯৫/- | ৭৭৯৫/- | |

## ২০২১ সালের মাস্টার্স শেষপর্ব গ্রেড / সিজিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের প্রদেয় ফি:

**গ্রেড উন্নয়ন, সিজিপিএ উন্নয়ন এবং অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে:** অন্তর্ভুক্তি ফি ৩০০/- টাকা এবং কোর্স সংখ্যা অনুযায়ী কোর্স ফিসহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ফি। যেমন: কেন্দ্র ফি ৪৫০/- টাকা, ব্যবস্থাপনা ফি ৫০/- টাকা এবং প্রযোজ্য ক্ষেত্রে টার্মপেপার ফি ২৫০/- টাকা, প্রযোজ্য ক্ষেত্রে মৌখিক পরীক্ষার ফি ২৫০/- টাকা ও ব্যবহারিক কেন্দ্র ফি ২০০/- টাকা দিতে হবে।

| পত্রের সংখ্যা | ফি এর বিস্তারিত | মোট প্রদেয় ফি |
|---|---|---|
| এক পত্র | ৩০০+২৫০+৪৫০+৫০ | ১০৫০/- |
| এক পত্র + মৌখিক | ৩০০+২৫০+৪৫০+৫০+২৫০ | ১৩০০/- |
| দুই পত্র | ৩০০+৫০০+৪৫০+৫০ | ১৩০০/- |
| দুই পত্র + মৌখিক | ৩০০+৫০০+৪৫০+৫০+২৫০ | ১৫৫০/- |
| তিন পত্র | ৩০০+৭৫০+৪৫০+৫০ | ১৫৫০/- |
| তিন পত্র + মৌখিক | ৩০০+৭৫০+৪৫০+৫০+২৫০ | ১৮০০/- |
| চার পত্র | ৩০০+১০০০+৪৫০+৫০ | ১৮০০/- |
| চার পত্র + মৌখিক | ৩০০+১০০০+৪৫০+৫০+২৫০ | ২০৫০/- |
| পাঁচ পত্র | ৩০০+১২৫০+৪৫০+৫০ | ২০৫০/- |
| পাঁচ পত্র + মৌখিক | ৩০০+১২৫০+৪৫০+৫০+২৫০ | ২৩০০/- |
| শুধুমাত্র মৌখিক, টার্ম পেপার, ব্যবহারিক | | ১০০০/- |

- থিসিস গ্রুপের পরীক্ষার্থীরা তাদের মোট ফি'এর সাথে অতিরিক্ত থিসিস ফি ১৫০০/- টাকা জমা দিতে হবে।
- পরীক্ষার্থীদের অবশ্যই লাইব্রেরী / সেমিনার পাওনা ও ছাত্রাবাস বকেয়া পরিশোধ করতে হবে। বিভাগীয় প্রধানগণ এটি নিশ্চিত হয়ে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।

➢ অনলাইন ফরমে উল্লেখিত টাকার সাথে কলেজের ফি-সহ মোট ফি **"সোনালী-ই-সেবা"** এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

➢ **"সোনালী-ই-সেবা"** এর মাধ্যমে প্রদেয় টাকা যাচাইপূর্বক ফরম গ্রহণ করার জন্য বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

স্মারক নং-৫-ঝ/এমসিক/মাফা/পরী/২০২৩/
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. বিভাগীয় প্রধান....................(সকল) বিভাগ মুরারিচাঁদ কলেজ, সিলেট।
২. আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা কমিটি-২০২১ মুরারিচাঁদ কলেজ, সিলেট।
৩. অফিস নথি।